

3 (Sem-5/CBCS) BEN HC 1

2 0 2 1

(Held in 2022)

BENGALI

Paper : BEN-HC-5016

(Honours Core)

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। বিকল্প সমন্বিত প্রশ্নের শুদ্ধ উত্তরটি নির্বাচন করো : $1 \times 10 = 10$

(ক) কবি ফিরে আসার সময় বনের মধ্যে কী ফল পেয়েছিলেন?

(আঙুর / নাসপাতি / আপেল / আম)

(খ) “.... বেতের ফলের মতো তার _____ চোখ মনে আসে;”
শূন্যস্থানের শব্দটি হল —

(স্নিগ্ধ / ত্বান / মৃত / সুন্দর)

(গ) কবি দিনেশ দাস ‘এ-যুগের চাঁদ’ বলতে কোন্ জিনিসকে বুঝিয়েছেন?

(কোদাল / ধানের শীষ / কাস্তে / লাঙ্গল)

(ঘ) “একাকী আসিতে হ’লো—সাহসিকা অঙ্গুরার মতো।”

‘সাহসিকা অঙ্গুরা’ বলতে কাকে বোঝানো হয়েছে?

(চম্পা / উর্বশী / মেনকা / চাঁদ)

(2)

- (ঙ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'রজনী' উপন্যাসের খণ্ড সংখ্যা হল
(পাঁচ / ছয় / সাত / আট)
- (চ) 'রজনী' উপন্যাসে চম্পকলতার স্বামীর নাম হল
(হীরালাল / গোপাল বসু / রাজচন্দ্র দাস /
বিষ্ণুরাম)
- (ছ) "আমি রজনীর বিবাহের সকল উদ্যোগ করিয়াছিলাম।"
এখানে 'আমি' হলেন
(রামসদয় মিত্র / হরেকৃষ্ণ দাস / শচীন্দ্র /
রাজচন্দ্র দাস)
- (জ) দীনেশচন্দ্র সেনের মতে 'বিদ্যাসুন্দর' কাব্যের রচয়িতা
কবি কক্ষ ছিলেন
(চৈতন্য-পূর্ববর্তী কালের / চৈতন্যকালের /
চৈতন্য-পরবর্তী কালের / উনিশ শতকের)
- (ঝ) বঙ্গভঙ্গের সময় মেয়েদের কাচের চুড়ি বর্জন করার পর যে
স্বদেশী পণ্য দেখা দিয়েছিল সেটি হল
(আলুর চুড়ি / লোহার চুড়ি / সোনার চুড়ি /
তামার চুড়ি)
- (ঞ) রাজশেখর বসুর উল্লেখমতে কোন্ পোকার প্রদীপে পোড়া
ধোঁয়া বিষাক্ত?
(জোনাকী পোকা / কাটুই পোকা / গুবরে পোকা /
লেদা পোকা)

২। সংক্ষেপে উত্তর দাও :

২×৫=১০

- (ক) "আকুল ঘ্রাণে নিইনি তাহার
শীতল পরিমল।"
কবি কীসের 'শীতল পরিমল' নেননি এবং কেন নেননি?

22A/254

(Continued)

(3)

- (খ) "কাজেই দুর্বলতর মোরগের খাবার গেল বন্ধ হ'য়ে।"
মোরগের খাবার বন্ধ হওয়ার কারণ লেখো।
- (গ) শচীন্দ্রনাথের পিতার নাম কী? তার পূর্বপুরুষের বাসস্থান
কোথায় ছিল?
- (ঘ) অমরনাথের সঙ্গে কার বিবাহের সম্বন্ধ হয়েছিল? সেই
বিবাহ ভেঙে যাওয়ার কারণ কী?
- (ঙ) সেলিউলয়েড কী? 'অপবিজ্ঞান' প্রবন্ধে এটির ব্যবহার
সম্পর্কে প্রাবন্ধিক যা বলেছেন লেখো।

৩। উত্তর দাও (যে কোনো চারটি) :

৫×৪=২০

- (ক) জসীমউদ্দীনের 'রাখালী' কবিতা অবলম্বনে সাঁঝের বেলা
জল ভরতে যাওয়া মেয়েটিকে দেখে চাষার ছেলের মনে
যে ভাবনার উদয় হয়েছিল সে সম্পর্কে আলোচনা করো।
- (খ) "উগ্র মদ্য-সম রৌদ্র,—যার তেজে বিশ্ব মুহ্যমান,—
বিধাতার আশীর্বাদে আমি তা সহজে পান করি।"
এখানে কার কথা বলা হয়েছে? প্রসঙ্গক্রমে উদ্ধৃতাংশটি
বিশদ করো।
- (গ) বাঞ্ছারাম মিত্রের পরিচয় দাও।
- (ঘ) রজনীর প্রকৃত পরিচয় উদ্ঘাটনে হরেকৃষ্ণ দাসের
জবানবন্দীর গুরুত্ব সম্পর্কে লেখো।
- (ঙ) নিয়তিবাদ সম্পর্কে রাজশেখর বসুর মতামত বুঝিয়ে
লেখো।
- (চ) ".....কতকগুলি ধর্মপ্রসঙ্গের সীমাবদ্ধনীতে বঙ্গীয়
কবিগণের প্রতিভা আবদ্ধ ছিল।" দীনেশচন্দ্র সেন
'প্রাচীন বঙ্গসাহিত্যের বিশেষ লক্ষণ' প্রবন্ধে তাঁর এই
মন্তব্যটিকে যেভাবে বিশদ করেছেন সে সম্পর্কে লেখো।

22A/254

(Turn Over)

- ৪। (ক) 'একটি মোরগের কাহিনী' কবিতায় কবি সুকান্ত ভট্টাচার্য যে মোরগের কাহিনী বর্ণনা করেছেন সে সম্পর্কে লেখো। প্রসঙ্গক্রমে কবিতাটিতে মোরগ কীসের প্রতীক হয়ে উঠেছে সে বিষয়ে যথাযথ আলোচনা করো। ৬+৪=১০

অথবা

- (খ) 'আত্মবিলাপ' কবিতা অবলম্বনে কবির বিলাপের কারণ সম্পর্কে লেখো। ১০

- ৫। (ক) 'রজনী' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

অথবা

- (খ) 'রজনী' উপন্যাসের অমরনাথ চরিত্রের বিশেষত্ব আলোচনা করো।

- ৬। (ক) রোকেয়া সাখাওয়াত হোসেন তাঁর 'স্ত্রীজাতির অবনতি' প্রবন্ধে নারীজাতির অবনতির কারণ সম্পর্কে যে অভিমত ব্যক্ত করেছেন তা বুঝিয়ে লেখো। ১০

অথবা

- (খ) রাজশেখর বসু অপবিজ্ঞান বলতে কী বোঝাতে চেয়েছেন তা তোমার পঠিত 'অপবিজ্ঞান' প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।

- ৭। (ক) রবীন্দ্রনাথ ঠাকুরের 'ক্ষণিকা' কাব্যগ্রন্থের 'একটি মাত্র' কবিতাটির অন্তর্নিহিত তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

অথবা

- (খ) 'রজনী' উপন্যাসে প্রতিফলিত সমাজজীবনের পরিচয় দাও।
